দৈনিক জনকণ্ঠ

তারিখ ...11 OCT 2017...
পৃষ্ঠা ...১৭... কলাম ...২...

## মন্ত্রণালয়ের চিঠি

# সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী খোলা যাবে না

**স্টাফ রিপোর্টার ।** মন্ত্রিসভার সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী খোলা যাবে না। আর প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণী পর্যন্তই অব্যহত থাকবে। সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী চালু করতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আবেদনের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় এক চিঠির মাধ্যমে এই সিদ্ধান্তের কথা জানায়।

সূত্র জানায়, জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়নের লক্ষ্যে সব সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণী খুলতে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন চেয়েছিল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। কিন্তু তাদের সে আবেদনে সাড়া দেয়নি শিক্ষা মন্ত্রণালয়। উল্টো শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এবং গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমানের ফিজারের উপস্থিতিতে গত ১৬ মে'র এক সভার কথা তুলে ধরে শিক্ষা মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়েছে, 'সভায় সিদ্ধান্ত হয়েছিল, মন্ত্রিসভার পর্যালোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণী পর্যন্ত অব্যাহত থাকবে। এ অবস্থায় মন্ত্রিসভার পর্যালোচনা ও সিদ্ধান্তের প্রেক্ষিতে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে হতে পাঠানো সরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহে ষষ্ঠ শ্রেণী চালুর অনুমতি প্রদানের আবেদনসমূহ বিবেচনার সুযোগ নেই। প্রাথমিক শিক্ষা পঞ্চম শ্রেণী পর্যন্ত অব্যাহত থাকবে।'